

কে কোন দফতর পেলেন—

প্রেসিডেন্ট জিয়াউর রহমান প্রতিরক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, মালি পরিষদ বিভাগ, প্রেসিডেন্টের সচিবালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তিসঙ্গত বিভাগের দায়িত্বে থাকবেন। বৃহস্পতিবার সন্ধ্যায় ঢাকায় এই দফতর বন্টনের কথা ঘোষণা করা হয়।

বাসসর এই খবরে প্রকাশ, জাইস প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুল সাত্তার আইন ও সংসদ বিষয়ক, সংসদ সচিবালয় ও নির্বাচন কমিশন মন্ত্রণালয়ের দায়িত্বে থাকবেন। বিচারপতি সাত্তার বৃহস্পতিবার দুপুরে শপথ গ্রহণ করেন।

সিনিয়র মন্ত্রী জনাব মশিউর রহমানকে রেলওয়ে, সড়ক, জনপথ ও সড়ক পরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে দেয়া হয়েছে।

ডঃ মীর্জা নূরুল হুদা পরি-কল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে থাকবেন এবং অধ্যাপক মোহাম্মদ শামসুল হক পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে বহাল থাকবেন।

জনাব শামসুল হুদা চৌধুরীর স্থলাভিষিক্ত জনাব হাবিবুল্লাহ খান নয়া তথ্য ও বেতার মন্ত্রী হলেন এবং জনাব শামসুল হুদা চৌধুরীকে ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে দেয়া হয়েছে।

লেঃ কর্নেল (অবসরপ্রাপ্ত) আব্দুল সালেহ মোহাম্মদ মস্তাফিজুর রহমান স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে পালন করবেন। তিনি একই মন্ত্রণালয়ের সহকারী উপদেষ্টা ছিলেন।

শাহ আজিজুর রহমানকে শ্রম ও শিল্প কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে দেয়া হয়েছে।

আনবিক বিজ্ঞানী ডঃ মিসেস আমিনা রহমান মন্ত্রিপরিষদে একমাত্র মহিলা মন্ত্রী। তাঁকে মহিলা বিষয়ক বিভাগের দায়িত্বে দেয়া হয়েছে।

জনাব বি এম আব্বাস এটি, বিদ্যার বন্যা নিয়ন্ত্রণ ও পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে বহাল থাকবেন এবং তাঁর ছোট ভাই মন্ত্রিপরিষদে নবগত জনাব এস এ বারী এটি জনশক্তি উন্নয়ন ও সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে পালন করবেন।

(দেখুন পৃষ্ঠা ৫-এর কং দফতর)

দফতর পেলেন

(১ম পৃঃ পর)

কাজী আনওয়ারুল হককে বেসামরিক বিমান চলাচল ও পবটন মন্ত্রণালয়ের দায়িত্বে দেয়া হয়েছে।

ক্যাপ্টেন (অবঃ) আবদুল হালিম চৌধুরীকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে দেয়া হয়েছে এবং কাজী জাফর আহমদ শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে পালন করবেন।

জনাব আজিজুল হক কৃষি ও বন মন্ত্রণালয়ের দায়িত্বে বহাল থাকবেন। বর্তমানে তিনি এক সরকারী সফরে বিদেশে রয়েছেন। জনাব শফিউল আজম ও জনাব আবদুল মোমেন খান যথাক্রমে পাট ও খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্বে বহাল থাকবেন।

প্রেসিডেন্ট খেসর দফতর বন্টন করেছেন তার পূর্ণ তালিকা নীচে দেয়া হল :

মেজর জেনারেল জিয়াউর রহমান, প্রেসিডেন্ট— (১) প্রেসিডেন্টের সচিবালয়, (২) মন্ত্রিপরিষদ বিভাগ, (৩) প্রতিরক্ষা মন্ত্রণালয়, (৪) অর্থ মন্ত্রণালয়, (৫) বিজ্ঞান ও প্রযুক্তিসঙ্গত বিভাগ।

বিচারপতি জনাব আবদুল সাত্তার, জাইস প্রেসিডেন্ট— (১) আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, (২) সংসদ সচিবালয়, (৩) নির্বাচন কমিশন।

জনাব মশিউর রহমান, সিনিয়র মন্ত্রী— রেলওয়ে, সড়ক, জনপথ ও সড়ক পরিবহন মন্ত্রণালয়।

২। ডঃ মীর্জা নূরুল হুদা— পরিকল্পনা মন্ত্রণালয়।

৩। শাহ আজিজুর রহমান— শ্রম ও শিল্পকল্যাণ মন্ত্রণালয়।

৪। কাজী আনওয়ারুল হক— বেসামরিক বিমান চলাচল ও পবটন মন্ত্রণালয়।

৫। অধ্যাপক মোহাম্মদ শামসুল হক— পররাষ্ট্র মন্ত্রণালয়।

৬। জনাব আজিজুল হক— কৃষি ও বন মন্ত্রণালয়।

৭। জনাব এস এম শফিউল আজম— পাট মন্ত্রণালয়।

৮। জনাব আবদুল মোমেন খান— খাদ্য মন্ত্রণালয়।

৯। মেজর জেনারেল (অবঃ) এম মাজেদুল হক— সংস্থাপন বিভাগ।

১০। ক্যাপ্টেন (অবসরপ্রাপ্ত) আবদুল হালিম চৌধুরী— স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

১১। জনাব বি এম আব্বাস এটি— বিদ্যার বন্যা নিয়ন্ত্রণ ও পানি সম্পদ মন্ত্রণালয়।

১২। লেঃ কর্নেল (অবসরপ্রাপ্ত) আব্দুল সালেহ মোহাম্মদ মস্তাফিজুর রহমান— স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৩। মিসঃ রসরাফ মন্ডল— শ্রম ও শিল্পকল্যাণ মন্ত্রণালয়।

১৪। জনাব মোহাম্মদ রফিকুর রহমান— বাণিজ্য মন্ত্রণালয়।

১৫। জনাব জামাল উদ্দিন আহমদ— শিল্প মন্ত্রণালয়।

১৬। ডাঃ এ কিউ এম বদরুজ্জামা চৌধুরী— স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়।

১৭। কাজী জাফর আহমেদ— শিক্ষা মন্ত্রণালয়।

১৮। জনাব শামসুল হুদা চৌধুরী— ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক।

১৯। ক্যাপ্টেন (অবসরপ্রাপ্ত) নূরুল হক— বন্দর, জাহাজ চলাচল ও অভ্যন্তরীণ নৌ পরিবহন মন্ত্রণালয়।

২০। জনাব এ জেড এম এনায়েত উল্লাহ খান— পেট্রোলিয়াম ও বনিতা সম্পদ মন্ত্রণালয়।

২১। জনাব মওদুদ আহমদ— ডাক, তার ও টেলিফোন মন্ত্রণালয়।

২২। জনাব এস এ বারী এটি— জনশক্তি উন্নয়ন ও সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

২৩। ডঃ মিসেস আমিনা রহমান— মহিলা বিষয়ক বিভাগ।

২৪। মীর্জা গোলাম হাফিজ— ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার।

২৫। জনাব কে এম ওবায়দুর রহমান— মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

২৬। জনাব আবদুল আলিম— বস্ত্র মন্ত্রণালয়।

২৭। জনাব হাবিবুল্লাহ খান— তথ্য ও বেতার মন্ত্রণালয়।

২৮। জনাব আবদুর রহমান— গণপূর্ত ও নগর উন্নয়ন মন্ত্রণালয়।
প্রতিকমন্ত্রী

১। ডঃ ফজিহ উদ্দিন মাহতাব— কৃষি ও বন মন্ত্রণালয়।

২। ডাঃ এম এ মতিন— স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়।